দৈনিক
ইত্তেফাক

তারিখ 7 JUN 2010
পৃষ্ঠা ... কলাম ...

# শেকৃবির ৪৮ শিক্ষক কর্মকর্তার নিয়োগ বাতিল

■ ইত্তেফাক রিপোর্ট

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যায়ের ৫ জন শিক্ষক, ৩ জন ডেপুটি রেজিস্টারসহ ৪৮ জনের নিয়োগ বতিল করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। ৫ জুন বিশ্ববিদ্যালয়ের ৪৬তম সিন্ডিকেট বৈঠকে এ সিদ্ধান্ত নেয়া হয়। নিয়োগ বাতিল হওয়াদের মধ্যে রয়েছে ২১ কর্মকর্তা এবং ২২ জন কর্মচারী। বিএনপি জোট সরকারের সময়ে এদের নিয়োগ দেয়া হয়েছিল। এদের নিয়োগ বিধিসম্মত হয়নি বা নিয়োগে দুর্নীতি রয়েছে এমন অভিযোগের ভিত্তিতে এদের নিয়োগ বাতিল করা হয়েছে বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে।

সিন্ডিকেট সদস্য আসাদুজ্জামান খান কামাল বলেন, বেশ কিছু শিক্ষক কর্মকর্তার চাকরি বাতিল হয়েছে। সে সংখ্যা ৩৮-এর মত হতে পারে। এরপর পৃষ্ঠা ২, কলাম ৩

প্রথম পৃষ্ঠার পর

## শেকৃবির ৪৮ শিক্ষক

সিন্ডিকেটের এক সদস্য ইত্তেফাককে জানান, নিয়ম না মেনে যাদের চাকরি হয়েছে তাদের নিয়োগই বাতিল করেছে সিন্ডিকেট। তিনি বলেন, ৩০ বছর বয়সের চেয়ে বেশি বয়সে যাদের চাকরি হয়েছে তাদের নিয়োগই বেশি বাতিল হয়েছে।

শেকৃবি উপাচার্য প্রফেসর ড. শাহ ই আলম বলেন, এবিষয়ে এই মুহূর্তে কোন চূড়ান্ত মন্তব্য করা যাবে না। কর্মকর্তা-কর্মচারির নিয়োগ বাতিল হতেও পারে। তিনি জানান, নিয়োগ বাতিলের ক্ষমতা রাখে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

এদিকে শিক্ষক কর্মকর্তাদের নিয়োগ বাতিলের এ খবরের প্রেক্ষিতে আজ সোমবার শেকৃবি অফিসার্স এসোসিয়েশন সকাল থেকে দুপুর দুইটা পর্যন্ত কর্মবিরতি পালন করার ঘোষণা দিয়েছে। পাশাপাশি শিক্ষক সমিতি এ বিষয়ে কার্যনির্বাহী কমিটির মিটিং করলেও কোন কর্মসূচি দেয়নি। ৮ জুন সমিতির সাধারণ সভায় পরবর্তী পদক্ষেপ নেয়া হবে। শিক্ষক সমিতির সভাপতি ড. হারোয়ার হোসেন বলেন, বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার সাথে অনুষ্ঠিতব্য এগ্রিকালচারিস্ট এসোসিয়েশন অব বাংলাদেশ (এ্যাব)-এর বৈঠকে বিষয়টি তোলা হবে।

চাকরি বাতিল হলে কী করণীয়- এ বিষয়ে পরামর্শ নেয়ার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তারা আইনজীবীদের সাথে যোগাযোগ শুরু করেছেন।